



ফিলিস্তিনের পশ্চিম তীর সংযুক্তির নেসেট বিলের কঠোর নিন্দা বাংলাদেশ সরকারের



সংগৃহীত ছবি

ফিলিস্তিনের পশ্চিম তীরকে ইসরায়েলের সঙ্গে একীভূত করার বিল অনুমোদনের ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। ইসরায়েলের পার্লামেন্ট নেসেট সম্প্রতি যে বিলটি অনুমোদন করেছে, তা আন্তর্জাতিক আইন ও মানবিক নীতিমালার প্রতি প্রকাশ্য অবমাননা বলে মন্তব্য করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। শুক্রবার (২৪ অক্টোবর) পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, অধিকৃত পশ্চিম তীরের ওপর ইসরায়েলি সার্বভৌমত্ব প্রতিষ্ঠার এই পদক্ষেপ অবৈধ ও অগ্রহণযোগ্য। এটি জাতিসংঘ সনদ, আন্তর্জাতিক আইন এবং নিরাপত্তা পরিষদের প্রস্তাব ২৩৩৪-এর সরাসরি লঙ্ঘন।

বিবৃতিতে আরও বলা হয়, অবৈধ বসতি স্থাপন ও দখলদারিত্বের মাধ্যমে ইসরায়েল ফিলিস্তিনি ভূখণ্ডে তার নিয়ন্ত্রণ জোরদার করছে, যা শান্তি প্রক্রিয়ার জন্য বড় বাধা। বাংলাদেশ দৃঢ়ভাবে বিশ্বাস করে, পূর্ব জেরুজালেমসহ অধিকৃত কোনো ফিলিস্তিনি ভূখণ্ডের ওপর ইসরায়েলের সার্বভৌমত্ব নেই এবং এমন দাবি আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয়। ঢাকা আন্তর্জাতিক বিচার আদালতের সাম্প্রতিক পরামর্শমূলক অভিমতকে স্বাগত জানিয়ে জানায়, এই মতামত ইসরায়েলের আন্তর্জাতিক মানবিক আইনের আওতায় থাকা বাধ্যবাধকতাগুলোকে পুনরায় স্মরণ করিয়ে দেয়।

বিবৃতিতে বাংলাদেশ আবারও ফিলিস্তিনি জনগণের অবিচ্ছেদ্য অধিকার, আত্মনিয়ন্ত্রণের অধিকার এবং ১৯৬৭ সালের সীমানার ভিত্তিতে পূর্ব জেরুজালেমকে রাজধানী করে একটি স্বাধীন ও সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রতি দৃঢ় সমর্থন পুনর্ব্যক্ত করেছে।

বাংলাদেশ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে—এই অবৈধ পদক্ষেপের বিরুদ্ধে ঐক্যবদ্ধ অবস্থান নিয়ে ফিলিস্তিনি জনগণের ন্যায় অধিকার রক্ষায় কার্যকর ভূমিকা রাখার জন্য।